

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
ব্যাসডক ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭  
www.doict.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.০০০০.০০৩.১৮.০১৪.১৫-১১১১

তারিখ: ১৩/১২/২০১৫ খ্রি.

বিষয়: নির্ধারিত কার্যতালিকা অনুযায়ী দৈনন্দিন কার্যক্রমের প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে গত ০৬/১২/২০১৫ খ্রি. তারিখে অধিদপ্তরের মাঠ পর্যায়ে জেলা ও উপজেলা অফিসে কর্মরত প্রোগ্রামার ও সহকারী প্রোগ্রামারগণকে তাদের প্রতিদিন সম্পাদিত কার্যক্রমের উপর দৈনিক প্রতিবেদন মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরাবর ই-মেইলে প্রেরণ করার জন্য ই-মেইলের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়। তদপ্রেক্ষিতে মাঠ পর্যায়ে হতে প্রাপ্ত প্রতিবেদনসমূহ পর্যালোচনা করে মহাপরিচালক মহোদয়ের দৃষ্টিগোচর হয়েছে যে কর্মকর্তাগণ কতিপয় কাজের কথা উল্লেখ করেছেন যা তাদের চার্টার অব ডিউটিজ এর আওতাভুক্ত নয়। যেমন- ১) জাতীয় ই-সেবা সিস্টেমে লগইন করা, ২) জেলা প্রশাসকের ই-মেইল চেক ও প্রিন্ট করে হার্ডকপি প্রস্তুতপূর্বক উপস্থাপন, ৩) জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার ই-মেইল চেক করা ৪) সফটওয়্যার ইন্সটলেশন ইত্যাদি, যা কম্পিউটার অপারেটরদের কাজ বলে পরিগণিত হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের স্থানীয় দপ্তর প্রধান হিসেবে যা কখনোই কাম্য হতে পারে না। কর্মকর্তাগণ ইতোমধ্যে তাদের নিকট প্রেরিত চার্টার অব ডিউটিজ বিষয়ে সচেতন নন মর্মে প্রতীয়মান হচ্ছে।

২। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণকে ত্বরান্বিত করতে একাজে প্রয়োজনীয় সমন্বয়ের চাহিদা থেকেই সরকার ৩১ জুলাই ২০১৩ খ্রিঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর গঠন করে। ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি জ্ঞান নির্ভর মধ্যম আয়ের দেশে পরিণত করতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কর্মকর্তাদের অগ্রণী ভূমিকা পালন করতে হবে। সরকার জাতীয় আইসিটি নীতিমালা, ২০১৫ ও সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন করেছে। জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্য, প্রণীত আইসিটি নীতিমালা ও গৃহীত পরিকল্পনার আলোকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনার প্রেক্ষিতে কার্যক্রম পরিচালিত হওয়া আবশ্যিক।

৩। এমতাবস্থায়, গতানুগতিক নয় বরং গুরুত্বপূর্ণ, উদ্ভাবনী ধারণা, নতুন প্রযুক্তি সম্পর্কে জনগণকে সচেতন করা, সরকারী পর্যায়ে আইসিটি কার্যক্রম গতিশীল রাখতে প্রশিক্ষণ (ট্রাভেলসূটিং, নেস, ওয়েব পোর্টাল হালনাগাদ বিষয়ে) প্রদানের প্রতি বিশেষ গুরুত্বারোপের পাশাপাশি সরকার কর্তৃক স্থাপিত আইসিটি অবকাঠামো পরিদর্শনে মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেছেন। প্রতিমাসে অন্যান্য তিনটি করে ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও কম্পিউটার ল্যাব সরেজমিন পরিদর্শন করে রিপোর্ট পাঠাতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। রিপোর্ট প্রদানের ক্ষেত্রে দাপ্তরিক পরিভাষা ব্যবহারে সতর্ক থাকা বাঞ্ছনীয়।

প্রাপক

- ১। প্রোগ্রামার (সকল) .....।  
২। সহকারী প্রোগ্রামার (সকল) .....।

  
(মোঃ গোলাম রব্বানী)

অতিরিক্ত মহাপরিচালক (যুগ্ম-সচিব)  
ফোনঃ ০২-৮১৮১২৬৫ (অফিস)

অঃপুঃ দঃ

সঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। সিস্টেমস ম্যানেজার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্যান্সডক ভবন, আগারগাঁও, ঢাকা।
- ২। পরিচালক (অর্থ ও প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক (সকল) .....জেলা।
- ৪। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিসিসি ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। উপ-পরিচালক (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্যান্সডক ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল) .....।
- ৭। সহকারী প্রোগ্রামার/ সহকারী পরিচালক (সকল).....।
- ৮। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। অফিস নথি/মাস্টার ফাইল।



শেষ